# বর্ডার গার্ড বাংলাদেশ দর্পণ

বর্ডার গার্ড বাংলাদেশ ত্রৈমাসিক সাময়িকী

● ১৯শ বর্ষ ● ১ম সংখ্যা ● পৌষ ১৪২৬ ● জমাদিউল আউয়াল ১৪৪১হিজরি ● জানুয়ারি ২০২০

বর্ডার গার্ড বাংলাদেশ দর্পণ - ১ম সংখ্যা জানুয়ারি ২০২০




বর্ডার গার্ড বাংলাদেশ দর্পণ

# চিত্রে বর্ডার গার্ড বাংলাদেশ




১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে বীর উত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে সুশৃঙ্খল এ বাহিনীর প্যারেডে সালাম গ্রহণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে বীর উত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে সুশৃঙ্খল এ বাহিনীর ভূয়সী প্রশংসা করে সৈনিকদের উদ্দেশে বক্তব্য প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।





শুধু সীমান্ত প্রহরা নয় চোরাচালান রোধ, অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা রক্ষা, দুর্যোগ মোকাবেলাসহ দেশের যে কোন উন্নয়ন কর্মকাণ্ডে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর অকুতোভয় সদস্যগণ বীরত্ব ও কৃতিত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবসে ২০১৯ সালের বীরত্ব ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য পদকপ্রাপ্ত বিজিবি সদস্যদের চারটি ক্যাটাগরিতে পদক পরিয়ে দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সীমান্তে দায়িত্ব পালন এবং দেশের শান্তি-শৃঙ্খলা রক্ষায় সাম্প্রতিক বছরগুলোতে বিজিবি'র কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন মাননীয় প্রধানমন্ত্রী। ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে পরিদর্শন বই এ স্বাক্ষর করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।







১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে বীর উত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনে অনুষ্ঠিত বিশেষ দরবারে বিজিবি সদস্যগণের উদ্দেশে মূল্যবান বক্তব্য দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে বীর উত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনে অনুষ্ঠিত দরবার শেষে বিজিবি'র সকল সদস্যের পক্ষ থেকে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কে সম্মাননা ক্রেস্ট প্রদান করেন ।





গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে বীর উত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনে অনুষ্ঠিত দরবার শেষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা স্মারক হিসেবে বঙ্গবন্ধুর ভাস্কর্য প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস-২০১৯ উপলক্ষে কেক কাটেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।








১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে বীর উত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে ৫ই ডিসেম্বর ১৯৭৪ সালে বাংলাদেশ রাইফেলস-এর তৃতীয় ব্যাচের সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত জোয়ানদের উদ্দেশে দিক-নির্দেশনামূলক ভাষণ উপভোগ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।


গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস-২০১৯ উপলক্ষে Report to BGB অ্যাপস উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।






গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) এর কোয়ার্টার গার্ডে সালাম গ্রহণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি।

গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) এর কোয়ার্টার গার্ড পরিদর্শন শেষে পরিদর্শন বই এ স্বাক্ষর করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি।





গত ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি সদর দপ্তর বিজিবি, পিলখানায় পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ০৮ নভেম্বর ২০১৯ তারিখে রিজিয়ন সদর দপ্তর, কক্সবাজার এর ১ম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটেন এয়ার কমডোর মুহাম্মদ শাফকাত আলী, বিএসপি, এনএস ডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, এয়ার অফিসার কমান্ডিং, বাংলাদেশ এয়ার ফোর্স, এয়ার ফোর্স বেইজ, কক্সবাজার।







গত ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখে বীর উত্তম ফজলুর রহমান খন্দকার মিলনায়তনে অপারেশন কার্যক্রম, চোরাচালান নিরোধ, মাদকদ্রব্য আটক, শ্রেষ্ঠ প্রশিক্ষক এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধুলায় কৃতিত্ব অর্জনকারীদের পুরস্কার প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ০৬ অক্টোবর ২০১৯ তারিখে মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি) এর অধীনস্থ ওল্ডলংকর বিওপি পরিদর্শন করেন এবং সকল পদবির সদস্যদের সাথে কুশল বিনিময় করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।





গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখে টেকনাফ ব্যাটালিয়নে নির্মিত স্যার্ভেইল্যান্স সিস্টেম পরিদর্শন করেন জনাব মোঃ সাহেদ আলী, অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত)।

গত ১১ নভেম্বর ২০১৯ তারিখে দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) এর বাৎসরিক উপযুক্ততা পরিদর্শন-২০১৯ উপলক্ষে কোয়ার্টার গার্ড পরিদর্শন শেষে পরিদর্শন বই এ স্বাক্ষর করেন রিজিয়ন কমান্ডার, উত্তর-পশ্চিম রিজিয়ন, রংপুর।



# দেশী-বিদেশী অভ্যাগতবৃন্দ



গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস উপলক্ষে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



গত ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বিজিবি'র প্রাক্তন মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আজিজুর রহমান, বীর উত্তম (অবঃ)।




গত ২৫-৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ভারতের নয়া দিল্লীতে বিজিবি-বিএসএফ সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।



গত ০৩-০৬ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত রিজিয়ন কমান্ডার, রংপুর ও যশোর রিজিয়ন এবং আইজি, সাউথ বেঙ্গল, নর্থ বেঙ্গল ও গৌহাটি ফ্রন্টিয়ার এর মধ্যে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।



গত ০৩ নভেম্বর ২০১৯ তারিখে ভারতের অভ্যন্তরে রিজিয়ন কমান্ডার, রংপুর এবং আইজি, সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ার এর মধ্যে সীমান্ত সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে বিজিবি শ্রীমঙ্গল সেক্টর এবং বিএসএফ পানিসাগর ও তেলিয়ামুড়া সেক্টর এর মধ্যে সেক্টর কমান্ডার পর্যায়ে সীমান্ত সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।






গত ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখে কুমিল্লা ব্যাটালিয়ন (১০ বিজিবি) এবং ১৪৫ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।

গত ১৪ অক্টোবর ২০১৯ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন এর সার্বিক ব্যবস্থাপনায় বিজিবি-বিজিপি রিজিয়ন কমান্ডার পর্যায়ে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।



# অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা রক্ষায় বিজিবি



বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) এর দায়িত্বপূর্ণ খাগড়াছড়ি জেলার দীঘিনালা উপজেলার কবাখালী ইউনিয়ন পরিষদ নির্বাচনে বেসামরিক প্রশাসনকে সহায়তার নিমিত্তে বিজিবি মোতায়েন করা হয়।

গত ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) এর দায়িত্বপূর্ণ মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার হোসেন্দী ইউনিয়নের সাধারণ নির্বাচনে বেসামরিক প্রশাসনকে সহায়তার নিমিত্তে ০৪ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়।






গত ০৫ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ-২১ রংপুর-৩ আসনের নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে রংপুর ব্যাটালিয়ন (৫১ বিজিবি) হতে বিজিবি মোতায়েন করা হয়।

# সীমান্তে চোরাচালান দমনে বিজিবি'র সাফল্য

গত ৩১ অক্টোবর ২০১৯ তারিখে যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) এর অধীনস্থ বেনাপোল আইসিপি কোম্পানি সদরের একটি টহলদল বিশেষ অভিযান পরিচালনা করে ০১ জন আসামিসহ ৩.৮৫ কেজি (৪৯ টি বার) স্বর্ণ আটক করে।






গত ০৬ নভেম্বর ২০১৯ তারিখে নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) এর অধিনায়ক এর নেতৃত্বে একটি টহলদল নওগাঁ জেলার সদর উপজেলার বর্ষাইল নামক স্থানে অভিযান পরিচালনা করে (৩৮.০০০ কেজি, ৩৫.০০০ কেজি, ১৪.৮৫০ কেজি এবং ১৩.০০০ কেজি) সর্বমোট ১০০.৮৫০ কেজি ওজনের ০৪টি কষ্টিপাথরের মূর্তি উদ্ধার করে।

গত ২০ নভেম্বর ২০১৯ তারিখে যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) এর অধীনস্থ বেনাপোল কোম্পানি সদরের একটি টহলদল বিশেষ অভিযান পরিচালনা করে পুরুষ, নারী এবং শিশুসহ মোট ২৫ জন বাংলাদেশী নাগরিক আটক করে।






গত ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখে জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) কর্তৃক আটককৃত মাদকদ্রব্য ধ্বংসকরণ অনুষ্ঠান উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে এম আব্দুল মোমেন, এমপি।

গত ১২ নভেম্বর ২০১৯ তারিখে কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) কর্তৃক আটককৃত মাদকদ্রব্য ধ্বংসকরণ ও আলোচনা অনুষ্ঠান উদ্বোধন করেন রিজিয়ন কমান্ডার, উত্তর-পশ্চিম রিজিয়ন, রংপুর।







গত ২৬ নভেম্বর ২০১৯ তারিখে বেনাপোল কোম্পানি সদরের একটি টহলদল বিশেষ অভিযান পরিচালনা করে একজন আসামীসহ ৬৫,৪০০ ইউএস ডলার আটক করে।

গত ২৮ নভেম্বর ২০১৯ তারিখে জয়পুরহাট ব্যাটালিয়ন (২০ বিজিবি) এর আটককৃত মাদকদ্রব্য ধ্বংসকরণের চিত্র।






গত ২৩ অক্টোবর ২০১৯ তারিখ টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর টহলদল হাজিরখাল এলাকা হতে ৪,৩০,০০০ (চার লক্ষ ত্রিশ হাজার) পিস ইয়াবা ট্যাবলেট আটক করতে সক্ষম হয়।

গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর অধীনস্থ তেঁতুলবাড়ী বিওপি'র একটি বিশেষ টহলদল ১,১০৩ বোতল ফেন্সিডিল আটক করে।



# গণসচেতনতা বৃদ্ধি ও মানবকল্যাণে বিজিবি



গত ২৩ ডিসেম্বর ২০১৯ তারিখে চট্টগ্রাম ব্যাটালিয়ন (৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় শীতার্ত দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন রিজিয়ন কমান্ডার, চট্টগ্রাম।



গত ২১ অক্টোবর ২০১৯ তারিখে ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) এর অধীনস্থ ধর্মগড় বিওপি'র দায়িত্বপূর্ণ চেকপোস্ট বাজার স্কুলমাঠে মতবিনিময় সভায় বক্তব্য প্রদান করেন লে. কর্নেল এস এন এম সামীউন্নবী চৌধুরী, পিবিজিএম, পিবিজিএমএস, অধিনায়ক, ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি)।




গত ০২ ডিসেম্বর ২০১৯ তারিখে মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি) এর ব্যবস্থাপনায় শান্তিচুক্তির ২২তম বর্ষপূর্তি উপলক্ষে বিশেষ মেডিক্যাল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

গত ০৬ জানুয়ারি ২০২০ তারিখে ব্রাহ্মণবাড়ীয়া জেলার সরাইল উপজেলার শাহবাজপুর এলাকায় বিজিবি'র শীতকালীন প্রশিক্ষণ পরিদর্শন করেন লে. জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ এনডিইউ, পিএসসি।





গত ০৭ জানুয়ারি ২০১৯ তারিখে ফরিদপুর জেলার মধুখালী উপজেলায় ৫৫ পদাতিক ডিভিশনের সাথে প্রশিক্ষণরত বিজিবি সদস্যদের তৎপরতা সরেজমিনে পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ০৭ নভেম্বর ২০১৯ তারিখে চট্টগ্রাম সেনানিবাস গ্রেনেড ফায়ারিং রেঞ্জে মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি) এর বাৎসরিক গ্রেনেড ফায়ারিং অনুষ্ঠিত হয়।





গত ১২ জানুয়ারি ২০১৯ তারিখে কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলার আলুকান্দা এলাকায় ৩৩ পদাতিক ডিভিশনের অধীনস্থ ১০১ ব্রিগেডের সাথে প্রশিক্ষণরত বিজিবি সদস্যদের তৎপরতা সরেজমিনে পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৪তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণার্থীদের ক্লাস পরিচালনা করেন ডেপুটি কমান্ড্যান্ট, বিজিটিসিএন্ডসি।





গত ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে মর্টার কোর্স (সিপাহী)-০২/২০১৯ এর প্রশিক্ষণার্থীগণ কর্তৃক আমতলী, বান্দরবান ফিল্ড ফায়ারিং রেঞ্জে ৬০ মি. মি. মর্টার টাইপ-৯৩ এর ফায়ার অনুশীলনের দৃশ্য।

গত ২১-২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত এসআইএন্ডটি, জালালাবাদ সেনানিবাস ফায়ারিং রেঞ্জে সিলেট সেক্টর এবং অধীনস্থ ব্যাটালিয়নের বিভিন্ন পদবির সৈনিকদের বাৎসরিক এলএমজি ফায়ারিং-২০১৯ অনুষ্ঠিত হয়।





ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) এর তত্ত্বাবধানে পরিচালিত কাউন্টার ইনসারজেন্সি অপারেশন ক্যাডার-০১/২০১৯ এর পানি বাধা অতিক্রম করার একটি দৃশ্য।

ফরিদপুর জেলার মধুখালী উপজেলায় ৫৫ পদাতিক ডিভিশনের সাথে যৌথ শীতকালীন প্রশিক্ষণে বিজিবি সদস্য।



# সীমান্তে যৌথ টহল ও পিলার পরিদর্শন



গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বরকল ব্যাটালিয়ন (৪৫ বিজিবি) এর অধীনস্থ ভূয়াটেক এবং ১৫৯ বিএসএফ ব্যাটালিয়ন এর ছোট পানছড়ি ক্যাম্পের সাথে যৌথ টহল অনুষ্ঠিত হয়।



জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) এর দায়িত্বপূর্ণ এলাকার বিপরীতে প্রতিপক্ষ সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ এর সাথে যৌথ টহল পরিচালনাকালীন চিত্র।



বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) এর দায়িত্বপূর্ণ এলাকার বিপরীতে প্রতিপক্ষ ৮৬ বিএসএফ ব্যাটালিয়ন এর মধ্যে যৌথ টহল অনুষ্ঠিত হয়।

গত ০২ ডিসেম্বর ২০১৯ তারিখে সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও এর বাৎসরিক উপযুক্ততা যাচাই-২০১৯ উপলক্ষে এমটি গ্যারেজ পরিদর্শন করেন রিজিয়ন কমান্ডার, রিজিয়ন সদর দপ্তর।





গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) এর বাৎসরিক উপযুক্ততা পরিদর্শন-২০১৯ উপলক্ষে সৈনিকদের টার্ন আউট পরিদর্শন করেন সেক্টর কমান্ডার, বিজিবি সিলেট।

গত ২১ নভেম্বর ২০১৯ তারিখে রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) এর বাৎসরিক উপযুক্ততা পরিদর্শন-২০১৯ উপলক্ষে সৈনিকদের টার্ন আউট পরিদর্শন করেন সেক্টর কমান্ডার, বিজিবি সিলেট।





গত ২৫-৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ভারতের নয়া দিল্লীতে বিজিবি-বিএসএফ সীমান্ত সম্মেলন উপলক্ষে প্রীতি ভলিবল খেলায় বর্ডার গার্ড বাংলাদেশ রানার আপ হওয়ার গৌরব অর্জন করে।

গত ১৩-২০ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত চট্টগ্রাম ব্যাটালিয়ন (৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত চট্টগ্রাম রিজিয়ন আন্তঃ ব্যাটালিয়ন বাস্কেটবল প্রতিযোগিতা-২০১৯ এ চট্টগ্রাম ব্যাটালিয়ন (৮ বিজিবি) চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।






দক্ষিণ-পূর্ব রিজিয়ন আন্তঃ ব্যাটালিয়ন তায়কোয়ানডো প্রতিযোগিতার দৃশ্য।

গত ০৪-০৭ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত যশোর রিজিয়ন আন্তঃব্যাটালিয়ন বাস্কেটবল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) রানার আপ হওয়ার গৌরব অর্জন করে।






গত ০১-০৩ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত ঢাকা ব্যাটালিয়ন (৫ বিজিবি) এর ব্যবস্থাপনায় ঢাকা সেক্টর আন্তঃব্যাটালিয়ন বাস্কেটবল প্রতিযোগিতা-২০১৯ এ অংশগ্রহণ করে নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

গত ০১-০৩ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত ঢাকা ব্যাটালিয়ন (৫ বিজিবি) এর ব্যবস্থাপনায় ঢাকা সেক্টর আন্তঃব্যাটালিয়ন বাস্কেটবল প্রতিযোগিতা-২০১৯ এর দৃশ্য।



# সীপকস এর কার্যক্রম



গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস-২০১৯ উপলক্ষে সীপকস স্টলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুল দিয়ে অভ্যর্থনা জানান সীমান্ত পরিবার কল্যাণ সমিতির সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস-২০১৯ উপলক্ষে সীপকস কর্তৃক উৎপাদিত বিভিন্ন পণ্য পরিদর্শন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।





গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস-২০১৯ উপলক্ষে সীপকস কর্তৃক উৎপাদিত বিভিন্ন পণ্য পরিদর্শন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে বিজিবি দিবস-২০১৯ উপলক্ষে সীপকস কর্তৃক উৎপাদিত বিভিন্ন পণ্য পরিদর্শন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।





গত ১১ নভেম্বর ২০১৯ তারিখে দর্জি বিভাগ-২/২০১৯ ব্যাচের ছাত্রীদের দ্বিতীয় সেমিস্টার ব্যবহারিক পরীক্ষা পরিদর্শন করেন সীমান্ত পরিবার কল্যাণ সমিতির সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম এবং সীপকস পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্যাবৃন্দ।

গত ২৩ জানুয়ারি ২০২০ তারিখে দুস্থ ও শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন সীমান্ত পরিবার কল্যাণ সমিতি'র সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।





গত ২৩ জানুয়ারি ২০২০ তারিখে দুস্থ ও শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ শেষে তাদের সাথে সাক্ষাৎ করছেন সীমান্ত পরিবার কল্যাণ সমিতি'র সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখে ভারতে নয়া দিল্লীতে অনুষ্ঠিত বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন উপলক্ষে সীপকসের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলামকে বাওয়া প্রেসিডেন্ট ফুল দিয়ে অভ্যর্থনা জানান।





গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখে ভারতের নয়া দিল্লীতে অনুষ্ঠিত বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন উপলক্ষে সীপকস ও বাওয়া প্রতিনিধিদলের স্থিরচিত্র।

গত ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখে শাখা সীপকস, রংপুর এর ব্যবস্থাপনায় শীতার্ত দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন সভানেত্রী, শাখা সীপকস, রংপুর।






গত ০৭ নভেম্বর ২০১৯ তারিখে শাখা সীপকস, কক্সবাজারের চিত্রাংকন বিভাগের বর্ষ সমাপনী পরীক্ষা পরিদর্শন করেন সাধারণ সম্পাদিকা এবং কোষাধ্যক্ষা, শাখা সীপকস, কক্সবাজার।

শাখা সীপকস, বিজিটিসিএন্ডসি এর ব্যবস্থাপনায় শীতার্ত দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন সভানেত্রী, শাখা সীপকস, বিজিটিসিএন্ডসি।






শাখা সীপকস, বিজিটিসিএন্ডসি এর দর্জি ও সুন্দরসূচী বিভাগের শিক্ষার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন সভানেত্রী, শাখা সীপকস, বিজিটিসিএন্ডসি।




শাখা সীপকস, বিজিটিসিএন্ডসি এর চিলড্রেন ক্লাবের পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০১৯ শেষে সকল সদস্যা ও শিক্ষার্থীদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সভানেত্রী, শাখা সীপকস, বিজিটিসিএন্ডসি।



গত ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে উপশাখা সীপকস, খুলনা এর ব্যবস্থাপনায় পরিচালিত সুন্দরসূচী বিভাগের ব্যবহারিক পরীক্ষা পরিদর্শন করেন সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষা, উপশাখা সীপকস, খুলনা।

গত ১১ ডিসেম্বর ২০১৯ তারিখে উপশাখা সীপকস, শ্রীমঙ্গল এর দর্জি ও সুন্দরসূচী বিভাগের ২য় ব্যাচের ব্যবহারিক পরীক্ষা পরিদর্শন করেন সাধারণ সম্পাদিকা, উপশাখা সীপকস, শ্রীমঙ্গল।






গত ২৮ নভেম্বর ২০১৯ তারিখে শীতার্ত দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন সহ-সভানেত্রী, উপশাখা সীপকস, রাঙ্গামাটি।

গত ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে দর্জি বিভাগের ২য় ব্যাচের চূড়ান্ত লিখিত পরীক্ষা পরিদর্শন করেন সাধারণ সম্পাদিকা, উপশাখা সীপকস, নওগাঁ।






গত ১৪ ডিসেম্বর ২০১৯ তারিখে উপশাখা সীপকস, নেত্রকোণা কর্তৃক শীতার্ত দুঃস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন সাধারণ সম্পাদিকা, উপশাখা সীপকস, নেত্রকোণা।

গত ০২ ডিসেম্বর ২০১৯ তারিখে উপশাখা সীপকস, কাপ্তাই কর্তৃক শীতার্ত দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন সাধারণ সম্পাদিকা, উপশাখা সীপকস, কাপ্তাই।







গত ০২ ডিসেম্বর ২০১৯ তারিখে উপশাখা সীপকস, বলিপাড়া এর ব্যবস্থাপনায় শীতার্ত দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন সহ-সভানেত্রী, উপশাখা সীপকস, বান্দরবান।

# অফিসার্স লেডিস ক্লাবের কার্যক্রম

গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত “সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান” এ সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন মিসেস মৌসুমী চৌধুরী।





গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত “সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান” এ সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম নবাগত সদস্যাকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন।

গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত “সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান” এ সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম বিদায়ী সদস্যাকে বিদায়ী শুভেচ্ছা জ্ঞাপন করেন।





গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে সদর দপ্তর বিজিবি, প্রশাসন শাখা, প্রশাসন পরিদপ্তর/আইন পরিদপ্তর, রেকর্ড উইং, সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, হিসাব পরিদপ্তর, বাজেট পরিদপ্তর এবং নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) এবং সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত “সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান” এ আয়োজক ইউনিট সদস্যাগণের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত “সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান” এ সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন মিসেস কাজী নুশরাত পারভীন।






গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত “সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান” এ আয়োজক ইউনিট দলনেত্রীকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম বিদায়ী সদস্যাকে বিদায়ী শুভেচ্ছা জ্ঞাপন করেন।







গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ বিদায়ী সদস্যাগণের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ সিনিয়র সদস্যাদের ফুল দিয়ে মালা তৈরি প্রতিযোগিতার দৃশ্য।






গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবে আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান"এ কোরাস গান পরিবেশন করে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব এর সদস্যরা।




গত ১৩ নভেম্বর ২০১৯ তারিখে অতিরিক্ত মহাপরিচালকের অফিস, সদর দপ্তর বিজিবি, লজিস্টিক শাখা, পূর্ত শাখা, বর্ডার সিকিউরিটি ব্যুরো এবং ঢাকা ব্যাটালিয়নে (২৬ বিজিবি) কর্মরত অফিসারগণের সহধর্মিণীগণ এবং হাতিরঘাট, আজিমপুর ও সোমেশ্বরী বিল্ডিং এ আউট স্টেশনে বসবাসরত অফিসারগণের সহধর্মিণীগণের সার্বিক ব্যবস্থাপনায় এবং সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ আয়োজক ইউনিট সদস্যাগণের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সীমান্ত অফিসার্স লেডিস ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

# চিলড্রেন ক্লাবের কার্যক্রম

গত ০৪ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সংগীত বিষয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন সংগীত পরিবেশনায় অংশগ্রহণকারী শিক্ষার্থী।





গত ০৪ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের চিত্রাংকন বিষয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন চিত্রাংকনে অংশ-গ্রহণকারী শিক্ষার্থী।

গত ০৪ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সংগীত ও চিত্রাংকন বিষয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন ক্লাবের সভানেত্রীর সাথে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।





গত ০৪ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সংগীত ও চিত্রাংকন বিষয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন ক্লাবের পরিচালনা পর্ষদের সাথে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের আরবি বিষয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন আরবি বিষয়ের পরিবেশনায় অংশগ্রহণকারী শিক্ষার্থী।






গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের কী-বোর্ড বিষয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন কী-বোর্ড পরিবেশনায় অংশগ্রহণকারী শিক্ষার্থী।

গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের নৃত্য বিষয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন নৃত্য পরিবেশনায় অংশগ্রহণকারী শিক্ষার্থী।





গত ০৪ নভেম্বর ২০১৯ তারিখে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সংগীত ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থী এবং পরিচালনা পর্ষদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ০৭ নভেম্বর ২০১৯ তারিখে সীপকস চিলড্রেন ক্লাবের ছাত্রীদের বার্ষিক নৃত্য ব্যবহারিক পরীক্ষা পরিদর্শন করেন সীপকসের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম এবং সীপকস ও চিলড্রেন ক্লাবের পরিচালনা পর্ষদের সদস্যাবৃন্দ।



# মহাপরিচালকের পরিদর্শন

০১ অক্টোবর ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড বাংলাদেশ এর মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি নিম্নলিখিত রিজিয়ন, সেক্টর, ব্যাটালিয়ন এবং বিওপি পরিদর্শন করেন:

- ০৬ অক্টোবর ২০১৯ তারিখে ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) , ওল্ডলংকর বিওপি, দুলুছড়ি বিওপি।
- ১৬-১৭ অক্টোবর রাঙ্গামাটি সেক্টর এবং রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি)।

# নিয়োগ/বদলি অফিসার ০১ অক্টোবর হতে ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত

## যোগদান

বিএ-১০০৭৭৫ কর্নেল নার্জিস মালিহা কাওসার, এফসিপিএস, ডিসিপি গত ২৫ ডিসেম্বর ২০১৯ তারিখে সদর দপ্তর বিজিবি হতে ক্লাসিফাইড স্পেশালিস্ট ইন প্যাথলজি হিসেবে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা যোগদান করেন।





বিএ-৪৪২১ কর্নেল গাজী মুহাম্মদ সাজ্জাদ, এসপিপি, পিবিজিএম, পিএসসি গত ০৩ ডিসেম্বর ২০১৯ তারিখে সেক্টর সদর দপ্তর, খাগড়াছড়ি হতে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, শ্রীমঙ্গল যোগদান করেন।

বিএ-৪৫৬৯ কর্নেল মুশফিকুর রহমান মাসুম গত ১১ নভেম্বর ২০১৯ তারিখে সেক্টর সদর দপ্তর, রাজশাহী হতে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, সিলেট যোগদান করেন।





বিএ-৪৭২১ কর্নেল তুহিন মোহাম্মদ মাসুদ, বিপিএম, জি গত ২৮ অক্টোবর ২০১৯ তারিখে নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) হতে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, রাজশাহী যোগদান করেন।

বিএ-৪৯৯৫ কর্নেল রাশেদ আসগর, পিএসসি, জি ২১ নভেম্বর ২০১৯ তারিখে সদর দপ্তর বিজিবি হতে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, খাগড়াছড়ি যোগদান করেন।





বিএ-৫১৬৭ কর্নেল তারিকুল হাসান, পিএসসি গত ০৬ নভেম্বর ২০১৯ তারিখে সদর দপ্তর বিজিবি হতে উপ মহাপরিচালক হিসেবে বিজিবি এয়ার উইং, ঢাকা যোগদান করেন।

## প্রত্যাবর্তন

বিএ-৩৯০৭ কর্নেল আনোয়ার সাদাত আবু মোঃ ফুয়াদ, পিএসসি গত ৩১ অক্টোবর ২০১৯ তারিখে সংযুক্ত: বিজি-টিসিএন্ডসি হতে বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যাবর্তন করেন।





বিএ-৪৪৫৭ কর্নেল মোঃ মতিউর রহমান, বিজিবিএম, পিবিজিএম, পিএসসি গত ০৮ ডিসেম্বর ২০১৯ তারিখে রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম হতে বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যাবর্তন করেন।

বিএ-৪৮২৬ কর্নেল মোঃ জোবায়ের হাসনাৎ, পিএসসি, এলএসসি গত ০৮ ডিসেম্বর ২০১৯ তারিখে সেক্টর সদর দপ্তর, শ্রীমঙ্গল হতে বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যাবর্তন করেন।



## বর্ডার গার্ড বাংলাদেশ এর জেসিও ও হাবিলদারগণের বেতন নির্ধারণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয় বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ অধিশাখা, স্মারক নং ০৭.০০. ০০০০.১৬১.৪৪.০২১.১১-২০ তারিখ ২৫ জানুয়ারি ২০১৬ মোতাবেক বিজিবি'র জেসিওগণের (সুবেদার ও নায়েব সুবেদার) বেতন স্কেল যথাক্রমে ৯ম ও ১০ম গ্রেড হতে ৭ম ও ৮ম গ্রেডে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সীমান্ত-১ স্মারক নং ৪৪.০০.০০০০.১১৬. ১০.০১০.১৭.১২৮ তারিখ ১৪ মার্চ ২০১৯ অনুযায়ী বিজিবি'র সুবেদার মেজর, সুবেদার, নায়েব সুবেদার ও হাবিলদারগণের বেতন গ্রেড যথাক্রমে ৬ষ্ঠ হতে ৫ম,৭ম হতে ৬ষ্ঠ, ৮ম হতে ৭ম ও ১৩তম হতে ১১তম গ্রেডে উন্নীত করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয় বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ অধিশাখা, স্মারক নং ০৭.০০. ০০০০.১৬১.৪৪.০২১.১১-২০ তারিখ ২৫ জানুয়ারি ২০১৬ অনুযায়ী উন্নীত গ্রেডে বেতন নির্ধারণ করে নিরীক্ষার জন্য এজিবি অফিসে প্রেরণ করা হলে নিম্নবর্ণিত অডিট আপত্তি উত্থাপন করে কার্যক্রম বন্ধ রাখে ঃ

১। এইচএসসি পাশ ব্যতীত উন্নীত স্কেলে বেতন নির্ধারণ করা যাবে না।

২। জেসিওগণ ব্যতীত টাইম স্কেল প্রাপ্ত পদবীধারী সদস্যগণ উন্নীত গ্রেড দুটির সুবিধা প্রাপ্য হবে না।

৩। ০১ জুলাই ২০১৫ তারিখের পরিবর্তে ২৫ জানুয়ারি ২০১৬ (অর্থাৎ জিও জারীর তারিখ হতে) তারিখে উন্নীত গ্রেডে বেতন নির্ধারণ করতে হবে।

উপরোক্ত আপত্তির প্রেক্ষিতে অত্র দপ্তর হতে শিক্ষাগত যোগ্যতা শিথিল, টাইম স্কেল প্রাপ্ত পদবীধারী সদস্যগণও যেন উন্নীত গ্রেড দুটি প্রাপ্য হন এবং ০১ জুলাই ২০১৫ তারিখ হতে ৭ম ও ৮ম গ্রেডে বেতন নির্ধারনের যুক্তি তুলে ধরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্রালাপ করা হয়। ফলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সীমান্ত-১ অধিশাখা স্মারক নং ৪৪.০০. ০০০০.১১৬. ১০.০১০.১৭-১১৭ তারিখ ০৬ মার্চ ২০১৯ মোতাবেক শিক্ষাগত যোগ্যতা ২৫ জানুয়ারি ২০১৬ তারিখের পূর্বে ফিডারপদে নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না কিন্তু টাইম স্কেল প্রাপ্ত পদবীধারী সদস্যগণ ৭ম ও ৮ম গ্রেড দুটি'র সুবিধা পাবে এবং উক্ত উন্নীত স্কেলের গ্রেড দুটি ২৫ জানুয়ারি ২০১৬ তারিখ হতে কার্যকর হবে মর্মে সিদ্ধান্ত প্রদান করেন।

এছাড়াও অন্যান্য বাহিনীর সাথে বিজিবি'র বেতন বৈষম্য থাকায় উক্ত বৈষম্য দূরীকরণার্থে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী এবং মহাপরিচালক মহোদয়ের আন্তরিক প্রচেষ্ঠার ফলে নিম্নবর্ণিতভাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সীমান্ত-১ স্মারক নং ৪৪.০০.০০০০.১১৬. ১০.০১০.১৭.১২৮ তারিখ ১৪ মার্চ ২০১৯ অনুযায়ী বেতন গ্রেড উন্নীত করা হয়েছে যা জিও জারির তারিখ অর্থাৎ ১৪-৩-২০১৯ হতে কার্যকর হবে:

| পদের নাম | বিদ্যমান বেতন গ্রেড<br>জাতীয় বেতন স্কেল-২০১৫ (বিজিবি) | উন্নীতকরণের সম্মতি জ্ঞাপনকৃত বেতন গ্রেড জাতীয় বেতন স্কেল-২০১৫ (বিজিবি) |
|---|---|---|
| সুবেদার মেজর | ৬ষ্ঠ গ্রেড<br>(টাঃ ১৬০০০-৩৮৬৪০) | ৫ম গ্রেড<br>(টাঃ ২২০০০-৫৩০৬০) |
| সুবেদার | ৭ম গ্রেড<br>(টা ঃ ১৫০০০-৩৬২০০) | ৬ষ্ঠ গ্রেড<br>(টাঃ ১৬০০০-৩৮৬৪০) |
| নায়েব সুবেদার | ৮ম গ্রেড<br>(টা ঃ ১৪৫০০-৩৫০৪০) | ৭ম গ্রেড<br>(টা ঃ ১৫০০০-৩৬২০০) |
| হাবিলদার | ১৩তম গ্রেড<br>(টা ঃ ১১০০০-২৬৫৯০) | ১১তম গ্রেড<br>(টা ঃ ১২৫০০-৩০২৩০) |

**শর্তাবলী ঃ**

হাবিলদার পদের পদোন্নতির ক্ষেত্রে নায়েক পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকুরির অভিজ্ঞতার স্থলে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সংযোজনপূর্বক সংশ্লিষ্ট নিয়োগ-বিধিমালা সংশোধন কার্যক্রম করতে হবে, যা বর্তমানে প্রক্রিয়াধীন।

উক্ত সিদ্ধান্তের ফলে বিজিবি সদস্যগণ নিম্নবর্ণিত সুবিধার আওতায় পড়বেন ঃ

১। অন্যান্য বাহিনীর সাথে পদমর্যাদার সমতা বজায় থাকবে।

২। অন্যান্য বাহিনীর সাথে যে বেতন বৈষম্য ছিল তা দূর হবে।

৩। ভবিষ্যতে উক্ত গ্রেডে পদোন্নতি প্রাপ্তির সাথে সাথে বেতন বৃদ্ধি পাবে এবং অবসর গমন করলেও পর্যাপ্ত পরিমাণ আর্থিক সুবিধা পাওয়া যাবে।

৪। জাতীয় বেতন স্কেল-২০১৫ এর বেতন নির্ধারণের সময় সরাসরি ৭ম ও ৮ম গ্রেডে বেতন নির্ধারণের ফলে যে অডিট আপত্তি ছিল তা দূরীভূত হবে (অবসরগামী এবং কর্মরত সদস্যদের) এবং ভবিষ্যতে কর্মরত সদস্যগণ অবসর গমন করলে বিশাল অংকের অর্থ কর্তন হতে অব্যাহতি পাবে।

৫। অবসরগামী সদস্যরা গ্রাচ্যুইটি ও পেনশন গ্রহণের সময় হয়রানির শিকার হবে না।

## বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা বাতিল

বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যগণ দেশের প্রত্যন্ত অঞ্চলসহ দূর্গম সীমান্তে প্রতিকূল পরিবেশ এবং পরিস্থিতিতে কঠোর শারীরিক পরিশ্রম করে সার্বক্ষণিকভাবে অপারেশনাল কর্তব্য ও দায়িত্ব পালন করে। প্রত্যন্ত অঞ্চলে নিয়োজিত বর্ডার গার্ড বাংলাদেশের ইউনিট সমূহের চাহিদার ভিত্তিতে স্থানীয় জেলা/উপজেলা খাদ্য গুদাম হতে EP (Essential Priority) গ্রাহক হিসাবে চাল ও গম উত্তোলন করে থাকে। এ প্রেক্ষিতে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যদের স্বাস্থ্যগত দিক, মনোবল ও কর্মোদ্দীপনা বৃদ্ধির লক্ষ্যে উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করার জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্রালাপ করা হয়। এপ্রেক্ষিতে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করে খাদ্যশস্য প্রদানের জন্য খাদ্য অধিদপ্তর, ঢাকা'কে নির্দেশনা প্রদান করে। পরবর্তীতে খাদ্য অধিদপ্তর কর্তৃক গত ০৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করার প্রয়োজনীয় কার্যক্রমের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক অফিস সমুহে (ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর) পত্রালাপ করা হয়েছে। এখন হতে বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করায় বিজিবি সদস্যদের ক্ষেত্রে উন্নতমানের চাল ও গম সরবরাহ করা সম্ভব হচ্ছে। ফলে বিজিবি সদস্যদের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হবে।

## বিজিবি পোষ্য কোটায় সন্তান ও অন্যান্য আত্মীয় ভর্তির পরিসংখ্যান

বর্ডার গার্ড বাংলাদেশ এ ৯৫তম ব্যাচে সিপাহী (জিডি) পদে এবং অসামরিক নিয়োগ-২০১৯ দ্বিতীয় পর্বে বিজিবি পোষ্য কোটায় সন্তান ও অন্যান্য আত্মীয় ভর্তির পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হলো:

**৯৫তম ব্যাচ**

| ক্রমিক | সম্পর্ক | সংখ্যা |
|---|---|---|
| ১। | ছেলে | ৭০ |
| ২। | মেয়ে | ০২ |
| ৩। | আপন ভাই | ২৭ |
| ৪। | চাচাতো/মামাতো/খালাতো/ফুফাতোভাই/শ্যালক/ভাতিজা/ভাগ্নে | ৫৭ |
| | সর্বমোট = | ১৫৬ |

**বিভিন্ন অসামরিক পদে নিয়োগ-২০১৯ (২য় পর্ব)**

| ক্রমিক | সম্পর্ক | সংখ্যা |
|---|---|---|
| ১। | ছেলে | ০৩ |
| ২। | আপন ভাই | ০৯ |
| ৩। | স্ত্রী | ০১ |
| ৪। | অস্থায়ী ভিত্তিতে নিয়োগকৃত (ওয়ার্ড বয়/মেস বয়/ক্যান্টিন বয়) | ০৮ |
| | সর্বমোট = | ২১ |

## বর্ডার গার্ড বাংলাদেশ এ হেলিকপ্টার (এমআই-১৭১ই) সংযোজন



